

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০১.০০৩.২০.৩৪৩

তারিখ: ০৭ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
২১ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণের নিমিত্ত শিক্ষকের শূন্যপদের তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর আওতায় বর্তমানে সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলছে। ইতোমধ্যে গত ৩০ ও ৩১ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখে প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণ করা হয়েছে এবং ফলাফল ঘোষণা করা হয়েছে। বর্তমানে ঐচ্ছিক বিষয়ে লিখিত পরীক্ষা গ্রহণের প্রক্রিয়া চলছে। বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত) এর বিধি ৯ এর উপবিধি ২(খ) অনুযায়ী “এলাকা, বিষয় ও পদ-ভিত্তিক নিরূপিত শিক্ষকের শূন্য পদের ভিত্তিতে প্রয়োজনীয়তা অনুযায়ী ঐচ্ছিক বিষয়ে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর সংখ্যা নির্ধারণ করতে হবে”। সে মোতাবেক চলমান সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০২০ এর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী ঘোষণার নিমিত্ত তাঁর জেলার শূন্যপদের তথ্য জানা প্রয়োজন।

এমতাবস্থায় তাঁর জেলার আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এনটিআরসিএ’র আওতায় ৪র্থ গণবিজ্ঞপ্তিতে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের পদসমূহ বাদ দিয়ে ৩০ এপ্রিল, ২০২৩ তারিখ পর্যন্ত যেসকল পদ শূন্য হবে তার বিষয়ভিত্তিক তালিকার হার্ডকপি সংযুক্ত ছক মোতাবেক এনটিআরসিএ’র কার্যালয়ে এবং সফটকপি MS Excel-এ ইংরেজিতে টাইপ করে ফ্যাক্স নম্বর ০২-৪১০৩০০৪৯ ও ই-মেইল office@ntrca.gov.bd যোগে আগামী ১৩ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।


সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) কপি।

প্রাপক:

জেলা শিক্ষা অফিসার,
কক্সবাজার/ কিশোরগঞ্জ/ কুমিল্লা/ কুষ্টিয়া/ কুড়িগ্রাম/ খাগড়াছড়ি/
খলনা/ গাইবান্ধা/ গাজীপুর/ গোপালগঞ্জ/ চাঁদপুর/ চাঁপাইনবাবগঞ্জ/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
উলিপুর, কুড়িগ্রাম।

seo.ulipur.kurigram.gov.bd


(মোঃ আবদুর রহমান)
পরিচালক (উপসচিব)
(পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২৪




স্মারক নং -উমাশিঅ/উলি/কুড়ি/২০২৩/৬০ (২২৭)

তারিখ: ০৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৩ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল।

১. পরিচালক, এনটিআরসিএ, ঢাকা।
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৩. উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।
৪. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার (সকল).....উলিপুর, কুড়িগ্রাম। (পত্রের নির্দেশনানুযায়ী আগামী ৩০/০৪/২০২৩ খ্রিঃ পর্যন্ত শূন্য হওয়া পদের সংখ্যা আগামী ১০/০৪/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে প্রতিষ্ঠান প্যাডে নিল্ডোজ ছক মোতাবেক কম্পিউটার কম্পোজ করে নিল্লেখ্যকারকারীর দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো)।
৫. অফিস কপি।

পদের নাম (প্রভাষক/ট্রেড ইনস্ট্রাক্টর/সহকারী শিক্ষক/ সহকারী মৌলভী/ এবং প্রধান/ এবং কারী/জুনিয়র শিক্ষক/জুনিয়র মৌলভী)	বিষয়	৩০/০৪/২০২৩ খ্রিঃ পর্যন্ত শূন্য হওয়া পদের সংখ্যা	মন্তব্য


(শাহ মোঃ তারিকুল ইসলাম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
উলিপুর, কুড়িগ্রাম।